মেহেরপুর জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এম এ খালেক গ্রেফতার

মেহেরপুর জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও সাবেক উপজেলা চেয়ারম্যান এম এ খালেককে গ্রেফতার করেছে গাংনী থানা পুলিশ।

আজ শুক্রবার রাত ১০ টার দিকে গাংনী উপজেলা শহরের বাড়িতে অভিযান চালিয়ে তাকে গ্রেফতার করে পুলিশ।

গাংনী থানা পুলিশের তদন্ত অফিসার আল মামুনের নেতৃত্বে পুলিশের একটি টিম প্রায় আধাঘন্টা ব্যাপি তার বাড়িতে অভিযান চালিয়ে তাকে গ্রেফতার করেন। এসময় এমএ খালেকের বাড়ির সামনে বিপুল পরিমাণ পুলিশ মোতায়েন করা হয়।

গাংনী থানার ওসি বানী ইসরাইল এই তথ্য নিশ্চিত করেছেন। তবে কি মামলায় তাকে গ্রেফতার করা হয়েছে সেটা জানা যায়নি।

এম এ খালেক বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলনের উপর হামলা মামলায় গ্রেফতার হয়ে কয়েক মাস হাজত বাসের পর জামিনে ছাড়া পেয়ে বাড়িতেই অবস্থান করছিলেন।

আজ শুক্রবার এমএ খালেকের নাতি ছেলের আকিকা উপলক্ষ্যে পারিবারিক অনুষ্ঠান চলছিল বলে জানান পরিবারের লোকজন।

গাংনীতে ইউপি মেম্বারের বিরুদ্ধে মানববন্ধন

মেহেরপুরের গাংনী উপজেলার কাজিপুর ইউনিয়ন পরিষদের ৫ নং ওয়ার্ডের ইউপি সদস্য আলিউল আজিম শাহিনের বিরুদ্ধে চাল, তেলসহ সরকারি নানান সুবিধা পাইয়ে দেওয়ার কথা বলে টাকা নেওয়ার অভিযোগ উঠেছে।

বৃহস্পতিবার (৩ এপ্রিল) সকাল ১০টায় উপজেলার বামন্দী-কাজিপুর সড়কের নতুন ব্রজপুর গ্রামবাসী সড়কে অবস্থান নিয়ে টায়ার জ্বালিয়ে সবধরনের যানচলাচল বন্ধ করে দেয়। প্রায় আধাঘন্টা ব্যাপি এই ব্যস্ততম সড়কটি সকল প্রকার যান চলাচল বন্ধ ছিল

গ্রামবাসী অভিযোগ করে বলেন, শাহিন মেম্বর নতুন ব্রজপুর গ্রামবাসীকে চাল, তেলসহ সরকারি নানান সুবিধা পাইয়ে দেওয়ার কথা বলে ১৫-২০ জনের কাছে থেকে আড়াই থেকে তিন হাজার টাকা নিয়েছে। ঈদের সামনে সেসব সুবিধা দূরে থাক জনপ্রতি ভিজিএফের ১০ কেজি চাউলও দেয়নি। যার কারণে গ্রামবাসী সকলে রাস্তায় নামতে বাধ্য হয়। মেম্বারের শাস্তির দাবি জানাচ্ছি।

মেহেরপুরে সড়ক দুর্ঘটনায় নিহত ৩; চালকের বিচারের দাবিতে মানববন্ধন

পবিত্র ঈদুল ফিতরের দিন মর্মান্তিক সড়ক দুর্ঘটনায় ৩ জন নিহতের ঘটনায় প্রাইভেট কার চালক সাজ্জাদ হোসেন পলাশের বিচারের দাবিতে মেহেরপুরের সর্বস্তরের জনগণের উদ্যোগে মানববন্ধন অনুষ্ঠিত হয়েছে।

বুধবার বিকেলে মেহেরপুর প্রেসক্লাবের সামনে এই মানববন্ধন আয়োজন করা হয়। এতে নিহত আখতারুজ্জামান শোভনের পরিবারের পক্ষ থেকে নাহিদ এবং নিহত আল ইমরানের পরিবারের পক্ষ থেকে আনিসুর রহমান বক্তব্য রাখেন।

এছাড়া মানববন্ধনে আরও বক্তব্য রাখেন, আখতারুজ্জামান, এইচ আর রজব, সাংবাদিক মুজাহিদ আল মুন্না, রেজাউল ইসলাম, মাহফুজ, এস এম তমাল, রাসেল আহমেদ, আকাশ, হাসানসহ অন্যান্যরা।

বক্তারা ঘাতক চালকের দৃষ্টান্তমূলক শাস্তির দাবি জানান এবং সড়ক দুর্ঘটনা রোধে কার্যকর পদক্ষেপ গ্রহণের আহ্বান জানান।

মানববন্ধনে ন্যায়বিচারের দাবিতে সর্বস্তরের মানুষ অংশগ্রহণ করেন এবং সোচ্চার হন।

গাংনীতে পার্কে ঘোরানোর নাম করে নাতনিকে ধর্ষণের চেষ্টা, গণধোলাই শেষে পুলিশে সোপর্দ

ঈদে পার্কে ঘুরাতে যাওয়ার নাম করে পঞ্চম শ্রেনীর ছাত্রীকে ধর্ষণের চেষ্টার অপরাধে আসাদুজ্জামান নামের এক রাজমিস্ত্রিকে জনতা আটক করে গণধোলাই শেষে পুলিশে দিয়েছেন। এঘটনায় ভিকটিমকে উদ্ধার করেছে গাংনী থানা পুলিশ।

মেহেরপুরের গাংনী উপজেলার পিরতলা গ্রামের হুরমত তলার মাঠে এই ঘটনা ঘটে। অভিযুক্ত আসাদুজ্জামান পিরতলা গ্রামের আব্দুস সামাদের ছেলে। সে তার নানার বাড়ি একই উপজেলার হাড়াভাঙ্গা গ্রামে বসবাস করেন। ভিকটিম ওই ছাত্রীটি আসাদুজ্জামানের মেয়ে লিজার আপন জা’র মেয়ে।

আসাদুলের মেয়ে লিজা খাতুন জানান, আমার বিয়ে হয়েছে গাংনী উপজেলার খাস মথুরাপুর গ্রামের পশ্চিমপাড়াতে। ঈদ উপলক্ষে আমি ও আমার জা’র মেয়ে (ভিকটিম) বাবার বাড়িতে বেড়াতে এসেছি। আমার বাবা তাকে পার্কে ঘোরানোর জন্য মোটরসাইকেলে করে নিয়ে যায়। পরে লোকজনের কাছ থেকে শুনছি আমার বাবা মেয়েটিকে ধর্ষণের চেষ্টা চালিয়েছে। ঘটনাটি সত্যি হলে বাবার দৃষ্টান্তমুলক শাস্তির দাবী জানান তিনি।

স্থানীয়দের বরাত দিয়ে গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) বানী ইসরাইল জানান, নাতি সম্পর্কের ভিকটিমকে পার্কে ঘোরানোর নাম করে নানা আসাদুল সন্ধ্যার পরপরই গ্রামের পাশেই হুরমত তলার মাঠ নামক স্থানে নিয়ে ধর্ষণের চেষ্টা চালায়। ভিকটিম এসময় কৌশলে দৌড়ে পালিয়ে গিয়ে স্থানীয় লোকজনকে জানায়।

এসময় লোকজন অভিযুক্ত আসাদুল ইসলামকে ধরে উত্তম মাধ্যম দেন। খবর

পেয়ে স্থানীয় ভবানীপুর পুলিশ ক্যাম্পের একদল পুলিশ ঘটনাস্থলে গিয়ে তাকে জনতার রোশ থেকে উদ্ধার করে থানায় নেন। পরে ভিকটিমকে উদ্ধার করে থানায় নেওয়া হয়েছে।

প্রাথমিক জিজ্ঞাসাবাদে নিজের দোষ স্বীকার করেছে বলে জানান ওসি বানী ইসরাইল।

এদিকে ঘটনার পরপরই মেহেরপুর অতিরিক্ত পুলিশ সুপার আব্দুল করিম গাংনী থানায় এসে ভিকটিমের সাথে কথা বলেন। এছাড়া অভিযুক্তকে প্রাথমিক জিজ্ঞাসাবাদ করেন।

অতিরিক্ত পুলিশ সুপার আব্দুল করিম জানান, এঘটনায় আইনগত ব্যবস্থা প্রক্রিয়াধীন রয়েছে। ভিকটিমের সাথে কথা বলা হয়েছে। এছাড়া অভিযুক্তকেও প্রাথমিক জিজ্ঞাসাবাদ করা হচ্ছে।

মেহেরপুুরে ঈদের ২য় দিনে পৃথক সড়ক দুর্ঘটনায় ১০ জন আহত

ঈদের দ্বিতীয় দিনে মেহেরপুরে পৃথক পৃথক সড়ক দুর্ঘটনায় একই পরিবারের শিশু ও নারীসহ ৪ এবং অন্য দুর্ঘটনায় ৬ জনসহ অন্তত ১০ জন আহত হয়েছেন।

আহতদের মধ্যে আল আমিন হোসেন(৩৪) ও তার স্ত্রী রাবেয়া খাতুনকে(৩০) কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে রেফার্ড করেছে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের চিকিৎসক।

মঙ্গলবার দিবাগত রাত ৮ টার দিকে মেহেরপুর-কুষ্টিয়া সড়কের তেরাইল কলেজের সামনে মোটরসাইকেল দুর্ঘটনায় স্বামী-স্ত্রীসহ তাদের ছেলে আরাফাত হোসেন(১০) ও মেয়ে আরশি খাতুন (৫) মারাত্বক আহত হন।



মেহেরপুুরে ঈদের ২য় দিনে পৃথক সড়ক দুর্ঘটনায় ১০ জন
আহত

স্থানীয় তাদের উদ্ধার করে প্রথমে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের ও পরে সেখান থেকে কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে রেফার্ড করে চিকিৎসক।

জানা গেছে, আল আমিন হোসেন তার স্ত্রী ও ছেলে মেয়েকে নিয়ে মুজিবনগর থেকে ঘুরে মোটরসাইকেল যোগে বাড়ি ফিরছিলেন। মেহেরপুর-কুষ্টিয়া আঞ্চলিক মহাসড়কের গাংনী উপজেলার তেরাইল ডিগ্রি কলেজের অদূরে নির্মাণাধীন কালভার্টের কাছে নিয়ন্ত্রণ হারিয়ে পার্শ্ববর্তি খাদে পড়ে সবাই গুরুতর আহত হন। আহতাবস্থায় সবাইকে উদ্ধার করে



মেহেরপুুরে ঈদের ২য় দিনে পৃথক সড়ক দুর্ঘটনায় ১০ জন
আহত

গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের নিলে কর্তব্যরত চিকিৎসক স্বামী ও স্ত্রীকে কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে রেফার্ড করেন। এছাড়া তাদের দুই ছেলে মেয়েকে প্রাথমিক চিকিৎসা দিয়েছেন।

এছাড়া রাত ১০ টার দিকে একই সড়কের মালশাদহ জোড়া ব্রীজের কাছে অপর একটি মোটরসাইকেল দুর্ঘটনায় আহত হয়েছেন তিনজন।

এর আগে বিকালের দিকে মেহেরপুর-চুয়াডাঙ্গা সড়কে আলাদা মোটরসাইকেল দুর্ঘটনায় তিনজন আহত হয়েছেন। আহতরা বিভিন্ন ক্লিনিকে চিকিৎসা নিচ্ছেন।

স্পট মেহেরপুর: ঈদের দিন চারসহ

সপ্তাহে সড়কে প্রাণ গেল ৫ জনের

মেহেরপুর-চুয়াডাঙ্গা সড়কে প্রাইভেটকার ভ্যান ও মোটরসাইকেল ত্রি-মুখি সংঘর্ষে এক ব্যাংক কর্মকর্তা, শিশুসহ ৩ জন নিহত ও অন্তত ২ জন আহত হয়েছেন।

নিহতরা হলেন, সদর উজলপুর গ্রামের হাসান মোল্লায় ছেলে এনআরবিসি ব্যাংকের রুপনগর ব্রাঞ্জের অফিসার আক্তারুজ্জামান ওরফে শোভন, তার অপর বন্ধু মেহেরপুর সদর উপজেলার বাড়িবাঁকা গ্রামের মোখলেসুর রহমানের ছেলে আল ইমরান, গাংনী উপজেলার ধানখোলা গ্রামের ভ্যানচালক আলী হাসানের ছেলে শিশু জুবায়ের হাসান।

এঘটনায় আহত হয়েছেন নিহত জুবায়ের হোসেনের পিতা ভ্যানচালক আলী হাসান, প্রাইভেট কার চালক পলাশ হোসেন।
আজ সোমবার বিকেলে ৫ টার দিকে মেহেরপুর-চুয়াডাঙ্গা সড়কের ব্রিটিশ আমেরিকান টোবাকো কার্যালয়ের সামনে এই সড়ক দুর্ঘটনাটি ঘটে।

অপর দুর্ঘটনাটি ঘটে গত রবিবার সন্ধ্যায় ধানখোলা ইউনিয়নের ভাটপাড়া-কচুইখালী সড়কে মোটরসাইকেল ও বাইসাইকেলের মধ্যে সংঘর্ষে গাংনী উপজেলার কসবা গ্রামের শাহীন আলীর ছেলে স্কুল ছাত্র জাভেদ আলী নিহত হয়েছেন।

বিষয়টি নিশ্চিত করেছেন মেহেরপুর সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) শেখ মেজবাহ উদ্দিন এবং গাংনী থানার ওসি বানী ইসরাইল। জানা গেছে, প্রাইভেট কার চালক পলাশ হোসেন বেপরোয়া গতিতে আমঝুপি থেকে মেহেরপুরের দিকে আসছিলেন। এসময় ভ্যানচালক আলী হাসান তার পরিবারের লোকজন নিয়ে ভ্যানযোগে আমঝুপির দিকে যাচ্ছিলেন। প্রাইভেট চালক প্রথমে পাখিভ্যানের সাথে সজোরে ধাক্কা মারলে ভ্যানের সকল যাত্রী রাস্তার উপর ছিটকে পড়ে গুরুতর আহত হন। পরে প্রাইভেট কারটি মোটরাসাইকেলকেও ধাক্কা দেই। এতে মোটরসাইকেলের দুই আরোহী আক্তারুজ্জামান শোভন ও তার বন্ধু আল ইমরান রাস্তার পাশে ছিটকে পড়ে মারাত্বক আহত হন।
খবর পেয়ে মেহেরপুর ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স তাদেরকে উদ্ধার করে মেহেরপুর জেনারেল হাসপাতালে নিলে ব্যাংক কর্মকর্তা আখতারুজ্জামান মারা যান। এছাড়া অবস্থার অবনতি হওয়ায় আল ইমরানকে কুষ্টিয়া জেনারেল হাসপাতালে ও জুবাইয়ের হাসানকে রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতালে রেফার করেন কর্তব্যরত চিকিৎসক। রাজশাহীতে নেওয়ার

পথে সন্ধ্যার দিকে পাবনার মধ্যে শিশু জুবায়ের হোসেন মারা যান। আল ইমরান রাত ৯ টার দিকে কুষ্টিয়া জেনারেল হাসপাতালে মারা যান। এই ঘটনায় আহত ভ্যানচালক আলী হাসান বর্তমানে মেহেরপুর ২৫০ শয্যার বিশিষ্ট জেনারেল হাসপাতালে ভর্তি রয়েছে, প্রাইভেট চালক পলাশ স্থানীয় একটি বেসরকারি হাসপাতালে ভর্তি রয়েছেন।

গতকাল রবিবার সন্ধ্যায় গাংনী উপজেলার কসবা-কছুইখালি রাস্তায় মোটরসাইকেল ও ভ্যানের মধ্যে মুখোমুখি সংঘর্ষে হলে মোটরসাইকেল চালক কসবা গ্রামের শাহীন আলীর ছেলে স্কুল ছাত্র জাভেদ আলী মারাত্বক আহত হন। আহতাবস্থায় তাকে উদ্ধার করে প্রথমে গাংনী ও পরে কুষ্টিয়া জেনারেল হাসপাতালে রেফার্ড করেন চিকিৎসক। সেখানে তার অবস্থার আরও অবনতি হলে ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে রেফার্ড করেন চিকিৎসক। ঢাকায় নেওয়ার পথে সোমবার ভোররাতের দিকে মারা যায় স্কুল ছাত্র জাভেদ আলী।

এর আগে গত ২৫ মার্চ সন্ধ্যায় গাংনী-কাথুলি সড়কের চৌগাছার আদুর নাবিল ফার্নিসাসের সামনে মোটরসাইকেল ও আলগামনের মুখোমুখি সংঘর্ষে সাগর মিয়া (২৪) নামের এক সৌদি প্রবাস ফেরত নিহত হয়েছেন। সাগর মিয়া গাংনী থেকে তার নিজ গ্রাম ভাটপাড়াতে ফিরছিলেন। নাবিল ফার্নিসাসের নিকট পৌছানো মাত্র বিপরীত থেকে আসা একটি আলগামনের সাথে মুখোমুখি সংঘর্ষ হলে মোটরসাইকেলটি দুমড়ে মুছড়ে যায়। এসময় গরুতর আহত সাগর মিয়াকে উদ্ধার করে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্◌্◌ের নিলে কর্তব্যরত চিকিৎসক তাকে মৃতু ঘোষণা করেন।

এনিয়ে গত এক সপ্তাহে ব্যাবধানে মেহেরপুর জেলায় পৃথক সড়ক দুর্ঘটনায় ৫ জন নিহত ও অন্তত ৬ জন আহত হয়েছেন।

মেহেরপুরে সড়ক দুর্ঘটনায় ব্যাংক কর্মকর্তাসহ নিহত ২

মেহেরপুর-চুয়াডাঙ্গা সড়কে প্রাইভেট কারের ধাক্কায় এক ব্যাংক কর্মকর্তা ও এক শিশু মারা গেছেন। আহত হয়েছেন আরও ৩ জন।

মেহেরপুর জেলা কারাগারে ঈদ উপলক্ষে বিশেষ অনুষ্ঠান

কারাগারের বন্দিদের ও স্টাফদের নিয়ে যথাযথ মর্যাদায় আলাদা আলাদা ভাবে ঈদের জামাত অনুষ্ঠিত হয়। বন্দীদের সাথে সাক্ষাতের জন্য কারাগারে আগত দর্শনার্থীদের কে ফুল দিয়ে ঈদের শুভেছা, মিস্টিমুখ ও মত বিনিময়ের আয়োজন করা হয়।

ঈদের খুশিকে ভাগাভাগি করার জন্য সকাল ও দুপুরে বন্দিদের জন্য উন্নত মানের খাবার পরিবেশন করা হয়। পাশাপাশি সকল স্টাফদের জন্য দুপুরে উন্নত খাবার পরিবেশন করা হয়।বন্দি মায়েদের সাথে থাকা শিশুদের ঈদের নতুন পোশাক প্রদান করা হয়। বন্দিদের মাঝে স্থানীয় ভাবে সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়।

এই জাঁকজমকপূর্ণ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন, জেল সুপার দেবদুলাল কর্মকার। জেলার মো: নিজাম উদ্দিন।

বন্দীদের জন্য সকালে বরাদ্দ করা হয়েছে পায়েস, মুড়ি। দুপুরে পোলাও,গরু ও খাসির মাংস, মুরগির রোস্ট, মিস্টি, পান সুপারি, সালাদ। রাতে সাদা ভাত,রুই মাছ ভাজি, আলুর দম। মেহেরপুর জেলা কারাগারে মোট বন্দী রয়েছে ১৮৯ জন।

মেহেরপুরে ধর্মীয় ভাবগাম্ভীর্যের মধ্য দিয়ে পবিত্র ঈদের নামাজ আদায়

এক মাস সিয়াম সাধনার পর ধর্মীয় ভাবগাম্ভীর্যের মধ্য দিয়ে মেহেরপুরে ঈদুল ফিতর উদযাপিত হয়েছে।

সোমবার মেহেরপুর জেলার প্রতিটি গ্রামে সকাল ৭টা ৩০ মিনিট থেকে ১০টা পর্যন্ত পৃথক পৃথক ঈদের জামাত অনুষ্ঠিত হয়।

এদিকে, ঈদগাহ কমিটি নিয়ে দ্বন্দ্বের জেরে কড়া নিরাপত্তার মধ্য দিয়ে গাংনী কেন্দ্রীয় ঈদগাহে ঈদের জামায়াত অনুষ্ঠিত হয়। ঈদগাহ কমিটি নিয়ে বেশ কয়েকদিন ধরে উত্তেজনা চলছিল। এ পরিস্থিতিতে রবিবার গাংনী উপজেলা প্রশাসন, পুলিশ, র্যাব ও সেনাবাহিনীর সমন্বয়ে কয়েক দফা মিটিং অনুষ্ঠিত হয়। মিটিংয়ে সিদ্ধান্ত হয় যে, ঈদের জামায়াতে কোনো স্থানীয় বিশিষ্ট মুসল্লি ঈদ শুভেচ্ছা বা বক্তব্য রাখতে পারবেন না। সে মোতাবেক জেলা প্রশাসনের নির্বাহী ম্যাজিস্ট্রেট নাদিও হাসান শামীম ঈদের জামায়াতের ইমামের খুতবার পর সংক্ষিপ্ত বক্তব্য দেন। এ সময় পুলিশ, র্যাব, সেনাবাহিনী ও জেলা প্রশাসনের কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

এর আগে, গাংনীর আওয়ামী লীগের বিশিষ্ট নেতা হাজী মহা. মহসিন আলী গাংনী কেন্দ্রীয় ঈদগাহ কমিটির সভাপতির দায়িত্ব পালন করছিলেন। সম্প্রতি ওই কমিটির মেয়াদ উত্তীর্ণ হওয়ায় ৬ মাসের জন্য অ্যাড-হক কমিটি গঠন করা হয়েছে। এতে আহ্বায়ক নির্বাচিত হয়েছেন গাংনী উপজেলা জামায়াতের আমির ডা. মো. রবিউল ইসলাম।

এদিকে, মেহেরপুর কেন্দ্রীয় ঈদগাহে সকাল ৮টায় ঈদের প্রধান জামাত অনুষ্ঠিত হয়। এতে জেলার বিভিন্ন পর্যায়ের রাজনৈতিক নেতা, জনপ্রতিনিধি, জেলা প্রশাসনের কর্মকর্তাসহ ধর্মপ্রাণ মুসল্লিরা নামাজ আদায় করেন।

দ্বিতীয় প্রধান জামাত সকাল ৮টা ১৫ মিনিটে পুরাতন ঈদগাহ ময়দানে অনুষ্ঠিত হয়। এছাড়া, সকাল ৮টা ৪৫ মিনিটে কেন্দ্রীয় ঈদগাহ ময়দানে কয়েক হাজার নারী ঈদের নামাজ আদায় করেন।

এছাড়া, গাংনী মডেল মসজিদ ও চৌগাছা ঈদগাহ ময়দানেও বড় ঈদের জামায়াত অনুষ্ঠিত হয়েছে।

নামাজ শেষে দেশ ও জাতির শান্তি কামনা এবং ফিলিস্তিনি মুসলমানদের জন্য বিশেষ মোনাজাত করা হয়।

গাংনীতে মোটরসাইকেল ও বাইসাইকেলের মুখোমুখি সংঘর্ষ, শিক্ষার্থী নিহত

মেহেরপুরের গাংনীতে মোটরসাইকেল ও বাইসাইকেলের মুখোমুখি সংঘর্ষে জাভেদ আলী (১৫) নামের এক শিক্ষার্থী নিহত হয়েছে।

বৃহস্পতিবার সন্ধ্যায় ধানখোলা ইউনিয়নের ভাটপাড়া–কচুইখালী সড়কে এই দুর্ঘটনা ঘটে।

জাভেদ আলী গাংনী উপজেলার কসবা গ্রামের শাহিন আলীর ছেলে।

স্থানীয়রা জানিয়েছেন, ভাটপাড়া ও কচুইখালির মধ্যবর্তী জায়গায় মোটরসাইকেল ও সাইকেলের মুখোমুখি সংঘর্ষে জাভেদ আলী গুরুতর আহত হন। স্থানীয়রা তাঁকে উদ্ধার করে প্রথমে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নেন। সেখানে তার অবস্থার অবনতি হলে কর্তব্যরত চিকিৎসক উন্নত চিকিৎসার জন্য কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে রেফার করেন। সেখানেও তার অবস্থা আরও অবনতি হলে ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে রেফার করা হয়।

ঢাকায় নেওয়ার পথে আজ সোমবার (৩১ মার্চ) ভোররাতে ঢাকার অদূরে তার মৃত্যু হয়।

পারিবারিক সূত্রের বরাত দিয়ে গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) বানি ইসরাইল জানিয়েছেন, দুর্ঘটনার সংবাদ পেয়েছি। আইনগত ব্যবস্থা নেওয়া হচ্ছে।